# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৭৮) কুরআনে কি সমস্ত আসমানী কিতাবের উল্লেখ আছে?

উত্তরঃ আল্লাহ তা’আলা কুরআন মজীদে যে সমস্ত কিতাবের নাম উল্লেখ করেছেন, তা হচ্ছে তাওরাত, ইনজীল, যাবুর, ইবরাহীম (আঃ)এর পুস্তিকাসমূহ এবং মুসা (আঃ) এর পুস্তিকাসমূহের কথা বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে। এ ছাড়া বাকি কিতাবগুলোর কথা সংক্ষিপ্তভাবে উল্লেখ করা হয়েছে। আল্লাহ তা’আলা বলেনঃ

اللَّهُ لاَ إِلَهَ إِلاَّ هُوَ الْحَيُّ الْقَيُّومُ * نَزَّلَ عَلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ وَأَنْزَلَ التَّوْرَاةَ وَالإِنْجِيلَ * مِنْ قَبْلُ

‘‘আল্লাহ ছাড়া কোন সত্য মা’বুদ নেই। তিনি চিরঞ্জীব, সব কিছুর রক্ষণাবেক্ষণকারী। তিনি সত্যতার সাথে আপনার প্রতি কিতাব নাযিল করেছেন, যা সত্যায়ন করে পূর্ববর্তী কিতাবসমূহের। তিনি ইতিপূর্বে তাওরাত ও ইনজীল অবতীর্ণ করেছিলেন’’। (সূরা আল ইমরানঃ ২-৩) আল্লাহ তা’আলা আরও বলেনঃ

وَآتَيْنَا دَاوُدَ زَبُورًا

‘‘আর আমি দাউদকে যাবুর প্রদান করেছি’’। (সূরা নিসাঃ ১৬৩) আল্লাহ তাআ’লা আরও বলেনঃ

أَمْ لَمْ يُنَبَّأْ بِمَا فِي صُحُفِ مُوسَى * وَإِبْرَاهِيمَ الَّذِي وَفَّى

‘‘এবং তাকে কি জানানো হয় নি যা আছে মুসার কিতাবে এবং ইবরাহীমের কিতাবে। যিনি পূর্ণ করেছিলেন স্বীয় অঙ্গীকার’’। (সূরাঃ নাজমঃ ৩৬-৩৭) আল্লাহ তা’আলা বলেনঃ

لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنَاتِ وَأَنْزَلْنَا مَعَهُمُ الْكِتَابَ وَالْمِيزَانَ لِيَقُومَ النَّاسُ بِالْقِسْطِ

‘‘নিশ্চয়ই আমি আমার রাসূলদেরকে প্রেরণ করেছি স্পষ্ট প্রমাণসহ এবং তাদের সাথে নাযিল করেছি কিতাব ও তুলাদন্ড, যাতে মানুষ ইনসাফ প্রতিষ্ঠা করে’’। (সূরা হাদীদঃ ২৫) আল্লাহ তা’আলা আরও বলেনঃ

وَقُلْ آمَنْتُ بِمَا أَنْزَلَ اللَّهُ مِنْ كِتَابٍ

‘‘বলুনঃ আল্লাহ যে কিতাব অবতীর্ণ করেছেন, আমি তাতে বিশ্বাস করি’’। (সূরা শুরাঃ ১৫) মোট কথা এই যে, আল্লাহ তা’আলা যে সমস্ত আসমানী কিতাবের কথা সুস্পষ্ট ও বিস্তারিতভাবে উল্লেখ করেছেন, সেগুলোর প্রতি বিশ্বাস স্থাপন করা আবশ্যক। আর যেগুলো সংক্ষিপ্তভাবে উল্লেখিত হয়েছে, সেগুলোর প্রতিও ঈমান আনয়ন আবশ্যক। সুতরাং এ ব্যাপারে আমরা তাই বলব, যা আল্লাহ তা’আলা তাঁর রাসূলকে নির্দেশ দিয়েছেন। আল্লাহ তাআ’লা বলেনঃ

وَقُلْ آمَنْتُ بِمَا أَنْزَلَ اللَّهُ مِنْ كِتَابٍ

‘‘বলুনঃ আল্লাহ যে কিতাব অবতীর্ণ করেছেন, আমি তাতে বিশ্বাস করি’’। (সূরা শুরাঃ ১৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11892

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন